সূচিপত্র

ক্র. নং.	বিষয়	পৃষ্ঠা
i	সিভিল সার্ভিসের ইতিহাস	১
ii	বাংলাদেশ ক্যাডার সার্ভিসের গ্রেডভিত্তিক তুলনা	৪
	বিসিএস জেনারেল ক্যাডার	
০১	বিসিএস প্রশাসন	৬
০২	বিসিএস খাদ্য	৪৩
০৩	বিসিএস নিরীক্ষা ও হিসাব	৪৮
০৪	বিসিএস শুল্ক ও আবগারি	৫২
০৫	বিসিএস কর	৫৬
০৬	বিসিএস পররাষ্ট্র	৬২
০৭	বিসিএস ডাক	১০২
০৮	বিসিএস পুলিশ	১০৭
০৯	বিসিএস আনসার	১৬১
১০	বিসিএস সমবায়	১৬৫
১১	বিসিএস বাণিজ্য	১৬৯
১২	বিসিএস তথ্য	১৭৮
১৩	বিসিএস পরিবার পরিকল্পনা	১৮৩
১৪	বিসিএস রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক	১৮৬
	বিসিএস টেকনিক্যাল/প্রফেশনাল ক্যাডার	
১৫	বিসিএস কৃষি	১৯০
১৬	বিসিএস মৎস্য	২০৪
১৭	বিসিএস পশুসম্পদ	২০৮
১৮	বিসিএস গণপূর্ত	২১২
১৯	বিসিএস জনস্বাস্থ্য প্রকৌশল	২২০
২০	বিসিএস সড়ক ও জনপথ	২২২
২১	বিসিএস রেলওয়ে প্রকৌশল	২২৪
২২	বিসিএস স্বাস্থ্য	২২৬
২৩	বিসিএস পরিসংখ্যান	২৬২
২৪	বিসিএস বন	২৬৫
২৫	বিসিএস সাধারণ শিক্ষা	২৭০
২৬	বিসিএস কারিগরি শিক্ষা	২৭১

সিভিল সার্ভিসের ইতিহাস

সিভিল সার্ভিসের এক সুদীর্ঘ ইতিহাস রয়েছে। ভারতের ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের শুরু থেকে শেষ পর্যন্ত রাষ্ট্র পরিচালনার মূল প্রতিষ্ঠান ছিল সিভিল সার্ভিস। ব্রিটিশ সিভিল সার্ভিস ছিল দায়িত্বশীল রাজনৈতিক সরকারের ফসল। কিন্তু ভারতীয় সিভিল সার্ভিস তা ছিল না। ভারতীয় সিভিল সার্ভিসের উৎপত্তি ও বিকাশ ঘটেছিল প্রথমে ইস্ট ইন্ডিয়া কোম্পানি (১৭৬৫-১৮৫৮) এবং পরে ব্রিটিশ রাজ্যের ঔপনিবেশিক রাষ্ট্র গঠনের প্রক্রিয়ার প্রয়োজন ও পরিবেশ-পরিস্থিতি থেকে। ১৭৮৬ সালের পূর্ব পর্যন্ত ইস্ট ইন্ডিয়া কোম্পানির ভূখণ্ডগত মালিকানা প্রধানত 'সুপারভাইজার' নামে অভিহিত কোম্পানির স্থানীয় বাণিজ্যিক অফিসারদের পৃষ্ঠপোষকতায় দেশীয় সংস্থাগুলোর দ্বারা পরিচালিত হতো। কোম্পানির সিভিল সার্ভেন্টদের বলা হতো কভেন্যান্টেড সিভিল সার্ভেন্ট। কোম্পানির শাসনের অবসান পর্যন্ত এবং তারপরও দীর্ঘদিন এ পদবিটি চালু ছিল। এ সার্ভিসের সদস্যরা ভারতে চাকরির জন্য ভারত সচিবের সঙ্গে চুক্তিতে আবদ্ধ হতেন বিধায় এ চাকরির নাম হয়েছিল কভেন্যান্টেড সিভিল সার্ভিস (সিসিএস)।

১৭৭২ সালে ডায়ার্কি বা দ্বৈতশাসনের অবসান হয়। এরপর বঙ্গদেশকে ১৭৭৩ সালের রেগুলেটিং অ্যাক্ট বলে কোম্পানির রাজনৈতিক নিয়ন্ত্রণে নিয়ে আসা হয়। বাংলাদেশের ফোর্ট উইলিয়ম ও কাউন্সিলের গভর্নর জেনারেল হিসেবে নিযুক্ত ওয়ারেন হেস্টিংস রেগুলেটিং অ্যাক্ট বলে প্রতিষ্ঠিত নতুন আমলাতন্ত্রের প্রধান হয়ে দাঁড়ান। কাউন্সিল নামে অভিহিত চার সদস্যের একটি কমিটি তাকে পরামর্শ ও সহায়তা দিতেন। রেগুলেটিং অ্যাক্ট বলে বঙ্গদেশের জন্য গঠিত ক্ষুদ্র আমলাতান্ত্রিক কাঠামোর শীর্ষে ছিল এ কাউন্সিল। ক্ষমতার স্তর বিন্যাসে এ কাউন্সিলের পরেই ছিল রাজস্ব আদায়কারী দেশীয় জেলা কালেক্টর, যাদের বলা হতো দেওয়ান। তখনও নওয়াবি প্রতিষ্ঠানই বিচারবিভাগের ক্ষমতা প্রয়োগ করত। দেওয়ানদের কাজকর্ম তদারককারী ইউরোপীয় জেলা সুপারভাইজারদের নামমাত্র বেতন দেওয়া হতো। সেটা পুষিয়ে দেয়ার জন্য তাদের ঘরোয়াভাবে ব্যবসা-বাণিজ্যে অংশ নেয়ার অনুমতি দেয়া হয়েছিল। সংক্ষেপে বলতে গেলে প্রথমদিকের ঔপনিবেশিক রাষ্ট্রের সিভিল সার্ভিস ছিল একদিকে রাজস্ব আদায় এবং অন্যদিকে যুগপৎ ব্যক্তিগত ব্যবসা-বাণিজ্য পরিচালনা। নবগঠিত সিভিল সার্ভিস ছিল এমন এক ব্যবস্থা যার শীর্ষভাগে ছিলেন ইউরোপীয়রা এবং নিম্নস্তরে ছিলেন দেশীয়রা। সকল দেওয়ান বা স্থানীয় পর্যায়ের রাজস্ব প্রশাসকরা ছিলেন দেশীয়। ওয়ারেন হেস্টিংসের প্রশাসনিক ধারণাটির উদ্দেশ্য ছিল কোম্পানি-রাষ্ট্রের সিভিল সার্ভিসে দেশীয় লোকদের সম্পৃক্ত করা। তিনি ফৌজদারি প্রশাসনের জন্য সদর নিজামত আদালত গঠন করেন এবং সে আদালত পরিচালনার সুযোগ দেন মূলত দেশীয় বিচারকদের। সদর দেওয়ানি আদালতও প্রধানত দেশীয় বিচারকদের বিশেষ করে মুসলমানদের দ্বারা পরিচালিত হতো। সংক্ষেপে বলতে গেলে বঙ্গদেশে সদ্য প্রতিষ্ঠিত রাষ্ট্রের জন্য সিভিল সার্ভিস উদ্ভাবন করতে গিয়ে হেস্টিংস একে ইউরোপীয় ও দেশীয়দের সমন্বিত একটি ব্যবস্থায় পরিণত করতে চেয়েছিলেন।

১৭৯০ সাল নাগাদ এটি দৃশ্যমান হয়ে উঠে যে, ইস্ট ইন্ডিয়া কোম্পানি এখন আর পূর্বাঞ্চলে ব্যবসা-বাণিজ্য প্রসারের বাণিজ্যিক সংগঠন মাত্রই নয়, বরং সাম্প্রতিককালে উত্তর আমেরিকা ব্রিটেনের হাতছাড়া হওয়ার পর বাস্তবে এটা ব্রিটেনের নব অর্জিত বিকল্প সাম্রাজ্যেও পরিণত হয়েছে। এই পরিস্থিতিতে পার্লামেন্ট হস্তক্ষেপ করে বসে এবং ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির নব অর্জিত ভূখণ্ডের উপর আপন অধিকার জাহির করে। ১৭৮৪ সালে ব্রিটিশ পার্লামেন্টে একটি আইন পাস হয় যা সাধারণভাবে পিটস ইন্ডিয়া অ্যাক্ট নামে অভিহিত। আইনে নতুন সাম্রাজ্যের ক্ষমতা ও দায়িত্ব নির্দেশ করে কাউন্সিলের গভর্নর-জেনারেল হিসেবে আমেরিকার স্বাধীনতা যুদ্ধে পরাজিত অথচ জনপ্রিয় জেনারেল লর্ড কর্নওয়ালিসকে নিয়োগ করা হয়। আইনে ভারতের বিষয়াবলির জন্য একটি বোর্ড অব কমিশনার গঠন করা হয় যা সচরাচর বোর্ড অব কন্ট্রোল হিসেবে পরিচিত। এতে থাকতেন রাজা কর্তৃক নিযুক্ত কন্ট্রোলার অব এক্সচেকার, একজন সেক্রেটারি অব স্টেট এবং চারজন প্রিভি কাউন্সিলর।

ইস্ট ইন্ডিয়া কোম্পানি ১৮১৩ সালে তার একচেটিয়া অধিকার আংশিকভাবে এবং ১৮৩৩ সালে পুরোপুরি হারিয়ে ফেলে। ১৮৩৩ সালের আইনবলে কোম্পানি রাজা বা রানির পক্ষ থেকে রাষ্ট্রের পরিচালনা বা ব্যবস্থাপনায় স্থানীয় একটি সংস্থায় পর্যবসিত হয়। এ আইনে নয়া উদারপন্থি পার্লামেন্ট কভেন্যান্টেড সিভিল সার্ভিসে (সিসিএস) চাকরি ও সার্ভিস প্রদানের আদলে দেশীয়দের ক্ষমতার ভাগ দেয়ার অঙ্গীকার করে। কিন্তু কার্যক্ষেত্রে ১৮৫৩ সালের শেষ চার্টার অ্যাক্টের আগ পর্যন্ত কভেন্যান্টেড সিভিল সার্ভিসের দ্বার ভারতীয়দের জন্য বন্ধ ছিল। ১৮৫৩ সালের ওই চার্টার অ্যাক্ট বলে সিভিল সার্ভিসে পৃষ্ঠপোষকতার মাধ্যমে রিক্রুটমেন্টের ব্যবস্থাটি সম্পূর্ণ বিলোপ করা হয়। তখন থেকে প্রতিযোগিতার ভিত্তিতে সিসিএস-এ লোক নিয়োগের ব্যবস্থা চালু হয়ে যায়। ১৮৬১ সালের আইনবলে কভেন্যান্টেড সিভিল সার্ভিসের নতুন নামকরণ হয় ইন্ডিয়ান সিভিল সার্ভিস (আইসিএস)। তবে আইসিএস-এ ভারতীয়দের অংশগ্রহণের ব্যাপারটা মোটামুটি অসম্ভবই থেকে যায়। কারণ ভারতীয়দের লন্ডনে পরীক্ষায় অবতীর্ণ হয়ে এই প্রতিযোগিতায় অংশ নিতে হতো, আর সেটাও করতে হতো অত্যন্ত কম বয়সে এবং তাদের ইংল্যান্ডে দু'বছর শিক্ষানবিশ হিসেবে থাকতে হতো। আইসিএস পরীক্ষা দেয়ার জন্য ইংল্যান্ডে যাওয়া বিপুল খরচের ব্যাপারই শুধু ছিল না, সমুদ্র পাড়ি দেয়ার বিরুদ্ধে ধর্মীয় বিধিনিষেধেরও সম্মুখীন হতে হতো। মুসলমানরা তখনও ইংরেজি শিক্ষা গ্রহণ করেনি বলে তারা আইসিএস পরীক্ষা দিতে পারত না। ১৮৬৩ সালের আগ পর্যন্ত কোনো ভারতীয় ইন্ডিয়ান সিভিল সার্ভিসের সদস্য হতে পারেনি। সে বছর সত্যেন্দ্রনাথ ঠাকুরই প্রথম ভারতীয় হিসেবে আইসিএস সদস্য হন। একজন দু'জন করে ভারতীয়দের ইন্ডিয়ান সিভিল সার্ভিসের অন্তর্ভুক্ত হবার এ ধারাটি বিশ শতকের বিশের দশক পর্যন্ত অব্যাহত থাকে। এরপর আইসিএস পরীক্ষা যুগপৎ ইংল্যান্ড ও ভারতে অনুষ্ঠিত হওয়া শুরু হয় এবং আগের তুলনায় আরও বেশি সংখ্যক ভারতীয়কে সিভিল সার্ভিসে অন্তর্ভুক্ত করার নীতি গ্রহণ করা হয়।

সিভিল সার্ভিসে অধিক সংখ্যক ভারতীয়দের যোগদানের সুবিধার্থে গভর্নর জেনারেল ও ভাইসরয় লর্ড লিটন (১৮৭৬-১৮৮০) ১৮৭৯ সালে একটি বিধিবদ্ধ সিভিল সার্ভিস ব্যবস্থা প্রতিষ্ঠা করেন। এই ব্যবস্থায় যেসব পদ আগে কভেন্যান্টেড সিভিল সার্ভিসের অধীনে ছিল তার এক-ষষ্ঠাংশ পদ প্রাদেশিক সরকারগুলোর মনোনীত ব্যক্তিদের দ্বারা পূরণের বিধান রাখা হয়। এ নতুন চাকরিতে নিযুক্ত ব্যক্তিদের অবশ্য কুলীন বংশীয় লোক হতে হতো। এটি ছিল একটা রাজনৈতিক সিদ্ধান্ত যার উদ্দেশ্য ছিল স্থানীয় এলিট শ্রেণির লোকদের ক্ষমতার ভাগ দেওয়া। কিন্তু এ ব্যবস্থায় প্রত্যাশিত ফল পাওয়া যায়নি। কারণ কুলীন বংশীয় প্রার্থীরা শিক্ষা দীক্ষায় উন্নত ছিল এমনটা কদাচিতই লক্ষ্য করা যেত। পরবর্তীকালে সিদ্ধান্ত হয় যে, কুলীন বংশীয় লোকদের সুবিধামতো অধস্তন চাকরিতে বিশেষ করে সিভিল সার্ভিসের বিচার বিভাগীয় শাখায় নিয়োগ দেওয়া যাবে।

ভারতে আইসিএস পরীক্ষা অনুষ্ঠান এবং সিভিল সার্ভিসে আরোও বেশি সংখ্যায় ভারতীয়দের অংশগ্রহণের ক্রমবর্ধমান দাবির প্রেক্ষাপটে একটি পাবলিক সার্ভিস কমিশন বা সরকারি কর্মকমিশন গঠন করা হয়। স্যার সি. আইচিসনকে কমিশনের চেয়ারম্যান নিয়োগ করা হয়। সিনিয়র আইসিএস সদস্য ও পাঞ্জাবের প্রাক্তন লেফটেন্যান্ট গভর্নর আইচিসন একটি পরিকল্পনা উদ্ভাবন করেন যা ১৮৮৯ সালে চূড়ান্তভাবে অনুমোদিত এবং ১৮৯১ সালে বাস্তবায়িত হয়। নতুন পরিকল্পনায় সংবিধিবদ্ধ সিভিল সার্ভিস বিলুপ্ত করা হয়। সরকারের বেসামরিক অফিসারদের তিনটি শ্রেণিতে ভাগ করা হয়- ইম্পিরিয়াল ইন্ডিয়ান সিভিল সার্ভিস, প্রভিন্সিয়াল সিভিল সার্ভিস ও সাবোর্ডিনেট সিভিল সার্ভিস। প্রথমটির ক্ষেত্রে রিক্রুটমেন্টের ব্যবস্থা আগের মতো ইংল্যান্ডেই রাখা হয়। তবে বলা হয় যে, যেসব ভারতীয় ইংল্যান্ডে গিয়ে লন্ডনে পরীক্ষা দিতে পারবে তাদের মধ্য থেকে নিয়োগ দেয়া যাবে। অপর দুই সার্ভিসের ক্ষেত্রে রিক্রুটমেন্টের ব্যবস্থা ভারতেই করা হয় এবং অধিকাংশ প্রার্থীকে ভারতীয়দের মধ্য থেকে নিয়োগ দেয়া হয়। প্রাদেশিক পাবলিক সার্ভিসের জন্য লোক নিয়োগ তিনটি পদ্ধতিতে করা হতো- পরীক্ষার মাধ্যমে, মনোনয়নের মাধ্যমে এবং অধস্তন চাকরি থেকে পদোন্নতির মাধ্যমে। ১৮৯৩ সালে কমন্সসভা সিভিল সার্ভিসের পরীক্ষাগুলো যুগপৎ ইংল্যান্ড ও ভারতে অনুষ্ঠানের একটি প্রস্তাব গ্রহণ করে। কিন্তু প্রথম মহাযুদ্ধ শেষ হবার আগ পর্যন্ত প্রস্তাবটি কেবল সাধু অভিলাষ হিসেবেই থেকে গিয়েছিল। এ পরিকল্পনায় ইন্ডিয়ান সিভিল সার্ভিসের নিচে প্রাদেশিক সিভিল সার্ভিস গঠন করা হয়, আর প্রাদেশিক সিভিল সার্ভিসের অধীনে গঠন করা হয় সাবোর্ডিনেট বা অধস্তন সিভিল সার্ভিস।

বাংলাদেশ সিভিল সার্ভিসের ইতিহাস

বাংলাদেশ সিভিল সার্ভিস (সংক্ষিপ্ত রূপ বিসিএস নামে সর্বাধিক পরিচিতি) হলো বাংলাদেশ সরকারের সিভিল সার্ভিস। এটি প্রাক্তন সেন্ট্রাল সুপিরিয়র সার্ভিস অব পাকিস্তান থেকে উদ্ভূত হয়েছে, যা ঔপনিবেশিক শাসনামলের ব্রিটিশ সম্রাজ্ঞী নিয়ন্ত্রিত ইন্ডিয়ান সিভিল সার্ভিসের উত্তরসূরি ছিল। স্বাধীনতার পর থেকে এটি সিভিল সার্ভিস অধ্যাদেশের দ্বারা বাংলাদেশ সিভিল সার্ভিস হিসাবে পরিচিতি হয়। এর মূলনীতি ও পরিচালনা পরিষদ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত হয়।

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন প্রধানত বিভিন্ন সরকারি চাকুরি ও পদে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠিত একটি সাংবিধানিক সংস্থা। সংস্থাটি সরকারি কর্মচারীদের পদোন্নতি, পদায়ন, বদলি, শৃঙ্খলা ও আপিলের মতো বিষয়ের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার সঙ্গেও জড়িত। ব্রিটিশ শাসনের ঐতিহ্যবাহী অধিকাংশ দেশে 'সিভিল' বা 'পাবলিক' সার্ভিস কমিশন গঠনের মূল উদ্দেশ্য হলো সরকারি চাকুরিতে নিয়োগ প্রদান এবং চাকুরি সংক্রান্ত অন্যান্য বিষয়ে সকল সিদ্ধান্ত যাতে মেধা ও সমদর্শিতার নীতির সঙ্গে সংগতিপূর্ণ হয় তা নিশ্চিতকরণ। বাংলাদেশে এই সংস্থা বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন বা বাংলাদেশ সরকারি কর্ম কমিশন নামে অভিহিত।

বাংলাদেশের স্বাধীনতা লাভের পর ১৯৭২ সালে রাষ্ট্রপতির ৩৪ নং আদেশবলে ১৯৭২ সালের মে মাসে প্রাথমিক পর্যায়ে পাবলিক সার্ভিস কমিশন (প্রথম) ও পাবলিক সার্ভিস কমিশন (দ্বিতীয়) নামে দুটি আলাদা কমিশন গঠিত হয়। কিন্তু ১৯৭২ সালের নভেম্বর মাসে গৃহীত সংবিধানে পাবলিক সার্ভিস কমিশন সংক্রান্ত ধারাসমূহ কার্যকর করার লক্ষ্যে সরকার নতুন একটি রাষ্ট্রপতি-আদেশ (রাষ্ট্রপতির আদেশ নং ২৫, ১৯৭৩) জারি করে যা কার্যত ১৯৭২ সালের মে মাস থেকে পাবলিক সার্ভিস কমিশন দুটির আনুষ্ঠানিক নিয়মিতকরণ সম্পন্ন করে। অবশ্য সরকার ১৯৭৭ সালের নভেম্বর মাসে দুটি কমিশনের স্থলে একটি কমিশন স্থাপন করার লক্ষ্যে আরেকটি অধ্যাদেশ জারি করে এবং ১৯৭৭ সালের ২২ ডিসেম্বর এই কমিশনের নামকরণ হয় বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন।

আইনগত ভিত্তির পরিবর্তে বরং সাংবিধানিক ভিত্তিই বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সর্বাধিক গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। বাংলাদেশের সংবিধানের পাঁচটি অনুচ্ছেদ সংবলিত একটি অধ্যায়ে (৯ম ভাগের ২য়) কমিশনের গঠনপ্রণালি ও কার্যাবলি নির্দেশিত হয়েছে। কমিশনের চেয়ারম্যান এবং সদস্যগণ রাষ্ট্রপতি কর্তৃক (কার্যত প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে) পাঁচ বছর মেয়াদে অথবা তাদের বয়স পঁয়ষট্টি বছর পূর্ণ হওয়া পর্যন্ত সময়ের জন্য নিয়োগপ্রাপ্ত হন। নিয়োগযোগ্য সর্বোচ্চ বা সর্বনিম্ন সদস্যের সংখ্যা সংবিধানে নির্দিষ্ট করা হয়নি। তবে ১৯৭৭ সালে জারিকৃত রাষ্ট্রপতির এক অধ্যাদেশে চেয়ারম্যানসহ এ সংখ্যা সর্বোচ্চ পনেরো (ন্যূনতম ছয়) নির্ধারণ করা হয়েছে। সদস্য হিসেবে নিয়োগ লাভের জন্য বিশেষ যোগ্যতার প্রয়োজন হয় না। তবে কমিশনের মোট সদস্যের অন্তত অর্ধেক থাকবেন ন্যূনতম বিশ বছরের অভিজ্ঞতাসম্পন্ন সরকারি কর্মকর্তা। সাধারণত সরকারি বিভাগ থেকে নিযুক্ত চেয়ারম্যান ও সদস্যরা সকলেই শীর্ষস্থানীয় কর্মকর্তাদের মধ্য থেকে নির্বাচিত হন এবং অন্যান্যদের অধিকাংশই থাকেন প্রবীণ শিক্ষাবিদ। সরকারি চাকুরি থেকে অবসর গ্রহণের পর একজন কর্মকর্তা পুনরায় কোনো সরকারি চাকুরিতে (পাবলিক সার্ভিস কমিশনসহ) নিয়োগ লাভের যোগ্য বিবেচিত হননি। কিন্তু ব্যতিক্রম ঘটে পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যানের ক্ষেত্রে, যিনি চাকুরি থেকে অবসর গ্রহণ সত্ত্বেও চেয়ারম্যান হিসেবে অতিরিক্ত এক মেয়াদের জন্য এবং একইভাবে কমিশনের একজন সদস্যও অবসর গ্রহণের পর কমিশনের সদস্য বা চেয়ারম্যান হিসেবে অতিরিক্ত এক মেয়াদের জন্য পুনরায় নিয়োগ পেতে পারেন।

সরকারের অতিরিক্ত সচিব জনাব এ.জেড. এম. শামসুল আলম বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির প্রথম মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। মহাপরিচালক পদটি ৩১ মার্চ, ২০১৩ তারিখে রেক্টর হিসেবে পরিবর্তিত হয়েছে।

বিসিএস পরীক্ষা

বিসিএস (ক্যাডার) পদে নিয়োগ পরীক্ষা পদ্ধতি

ক্যাডার বলতে বোঝায় বিভিন্ন সরকারি বিভাগের জন্য নির্ধারিত কর্মকর্তাদের একটি দল, যারা তাদের নিজ নিজ ক্ষেত্রে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত এবং নির্দিষ্ট দায়িত্ব পালনের জন্য নিযুক্ত। ১৩ নভেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ সিভিল (ইকোনমিক) ক্যাডারকে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের সাথে একীভূত করার পর থেকে সর্বমোট ২৬টি ক্যাডারে বিসিএস-এ নিয়োগ হয়ে থাকে। বাংলাদেশ সিভিল সার্ভিসে নিয়োগ পরীক্ষা গ্রহণের জন্য প্রণীত বিসিএস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা-২০১৪ অনুযায়ী বিসিএস-এর নিম্নোক্ত ২৬টি ক্যাডারে উপযুক্ত প্রার্থী নিয়োগের উদ্দেশ্যে কমিশন কর্তৃক ৩ স্তরবিশিষ্ট পরীক্ষা গ্রহণ করা হয়।

বিসিএস-এর ২৬টি ক্যাডারের নাম

ক্রম.	ক্যাডারের পদসমূহ	সাধারণ/ কারিগরি/ পেশাগত ক্যাডার
১.	বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)	সাধারণ ক্যাডার
২.	বাংলাদেশ সিভিল সার্ভিস (নিরীক্ষা ও হিসাব)	সাধারণ ক্যাডার
৩.	বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারি)	সাধারণ ক্যাডার
৪.	বাংলাদেশ সিভিল সার্ভিস (কর)	সাধারণ ক্যাডার
৫.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পররাষ্ট্র)	সাধারণ ক্যাডার
৬.	বাংলাদেশ সিভিল সার্ভিস (ডাক)	সাধারণ ক্যাডার
৭.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ)	সাধারণ ক্যাডার
৮.	বাংলাদেশ সিভিল সার্ভিস (আনসার)	সাধারণ ক্যাডার
৯.	বাংলাদেশ সিভিল সার্ভিস (সমবায়)	সাধারণ ক্যাডার
১০.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা)	সাধারণ ক্যাডার
১১.	বাংলাদেশ সিভিল সার্ভিস (খাদ্য)	সাধারণ এবং কারিগরি/পেশাগত ক্যাডার
১২.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পশুসম্পদ)	সাধারণ এবং কারিগরি/পেশাগত ক্যাডার
১৩.	বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য)	সাধারণ এবং কারিগরি/পেশাগত ক্যাডার
১৪.	বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য)	সাধারণ এবং কারিগরি/পেশাগত ক্যাডার
১৫.	বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক)	সাধারণ এবং কারিগরি/পেশাগত ক্যাডার
১৬.	বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি)	কারিগরি/পেশাগত ক্যাডার
১৭.	বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য)	কারিগরি/পেশাগত ক্যাডার
১৮.	বাংলাদেশ সিভিল সার্ভিস (গণপূর্ত)	কারিগরি/পেশাগত ক্যাডার
১৯.	বাংলাদেশ সিভিল সার্ভিস (জনস্বাস্থ্য প্রকৌশল)	কারিগরি/পেশাগত ক্যাডার
২০.	বাংলাদেশ সিভিল সার্ভিস (সড়ক ও জনপথ)	কারিগরি/পেশাগত ক্যাডার
২১.	বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে প্রকৌশল)	কারিগরি/পেশাগত ক্যাডার
২২.	বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য)	কারিগরি/পেশাগত ক্যাডার
২৩.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিসংখ্যান)	কারিগরি/পেশাগত ক্যাডার
২৪.	বাংলাদেশ সিভিল সার্ভিস (বন)	কারিগরি/পেশাগত ক্যাডার
২৫.	বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)	কারিগরি/পেশাগত ক্যাডার
২৬.	বাংলাদেশ সিভিল সার্ভিস (কারিগরি শিক্ষা)	কারিগরি/পেশাগত ক্যাডার

বাংলাদেশ ক্যাডার সার্ভিসের গ্রেডভিত্তিক তুলনা

গ্রেড	বেতন স্কেল	প্রশাসন ক্যাডার		পুলিশ ক্যাডার			পররাষ্ট্র ক্যাডার		কাস্টমস ক্যাডার	কর ক্যাডার	শিক্ষা ক্যাডার	নিরীক্ষা ও হিসাব ক্যাডার	খাদ্য ক্যাডার	আনসার ক্যাডার	
		মন্ত্রণালয়	মাঠ প্রশাসন	সদর দপ্তর	মেট্রো	মাঠ	মন্ত্রণালয়	মিশন Consulate General/ High Commission						সদর দপ্তর	মাঠ পর্যায়
৯ম	২২০০০-৫৩০৬০/-	সহকারী সচিব	সহকারী কমিশনার	এএসপি	সহকারী পুলিশ কমিশনার	এএসপি	সহকারী সচিব	Third Secretary	সহকারী কমিশনার ও শুল্ক আবগারি	সহকারী কর কমিশনার	প্রভাষক	AAG/UAO/ AGGA/AO/ A&AO/ ACAFO/ADCA/ AP/AME	সহকারী পরিচালক	সহকারী পরিচালক	সহকারী জেলা কমান্ডার
৭ম	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	উপপরিচালক	-	সহকারী জেলা কমান্ডার
৬ষ্ঠ	৩৫৫০০-৬৭০১০/-	সিনিয়র সহকারী সচিব	সিনিয়র সহকারী কমিশনার/ ইউএনও/এডিসি	এডিশনাল এসপি	এডিসি	এডিশনাল এসপি	সিনিয়র সহকারী সচিব	Second Secretary	উপ কমিশনার শুল্ক ও আবগারি	উপ কর কমিশনার	সহকারী অধ্যাপক	DAFO/DCGA/ ME/DDCA/ DCAFO	অতিরিক্ত পরিচালক	উপপরিচালক	জেলা কমান্ড্যান্ট/ অধিনায়ক ব্যাটালিয়ন
৫ম	৪৩০০০-৬৯৮৫০/-	উপ-সচিব	জেলা প্রশাসক (ডিসি)/ উপ-পরিচালক স্থানীয় সরকার মন্ত্রণালয়	এআইজি	ডিসি	এসপি	পরিচালক	Counselor/ counsul	যুগ্ম কমিশনার শুল্ক ও আবগারি	যুগ্ম কর কমিশনার	সহযোগী অধ্যাপক	CAFO/Addl. Accountant General (AAG)/ SA/Addl. CGA	পরিচালক	পরিচালক	-
৪র্থ	৫০০০০-৭১২০০/-	-	-	অতিরিক্ত ডিআইজি	অতিরিক্ত পুলিশ কমিশনার	অতিরিক্ত ডিআইজি	-	-	অতিরিক্ত কমিশনার শুল্ক ও আবগারি	অতিরিক্ত কর কমিশনার	-	CAFO/Divisional Controller of Accountant (DCA)/SSA	-	-	-
৩য়	৫৬৫০০-৭৪৪০০/-	যুগ্ম সচিব	বিভাগীয় কমিশনার/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার	ডিআইজি	-	ডিআইজি	মহাপরিচালক	Consul General/ Minister Ambassador (Category C)/ Consul/ Assistant H.C.	কমিশনার	কর কমিশনার	অধ্যাপক	-	অতিরিক্ত মহাপরিচালক	উপ মহাপরিচালক	রেঞ্জ কমান্ডার
২য়	৬৬০০০-৭৬৪৯০/-	অতিরিক্ত সচিব	-	অতিরিক্ত আইজিপি	-	-	অতিরিক্ত পররাষ্ট্র সচিব	Consul General/ Deputy HC/ Ambassador (Category B)	সদস্য (NBR)	সদস্য (NBR)	অধ্যাপক	Addl. CGA (Admin)	মহাপরিচালক	অতিরিক্ত মহাপরিচালক	-
১ম	৭৮০০০/-	সচিব	-	অতিরিক্ত আইজিপি	পুলিশ কমিশনার (ঢাকা)	-	সচিব পররাষ্ট্র মন্ত্রণালয়	Ambassador/ HC	সদস্য (NBR)	সদস্য (NBR)	অধ্যাপক	CGA	সচিব	মহাপরিচালক	-
Special Grade	৮২,০০০	সিনিয়র সচিব	-	আইজিপি	-	-	পররাষ্ট্র সচিব	-	চেয়ারম্যান	চেয়ারম্যান	-	-	-	-	-
মন্ত্রিপরিষদ সচিব / মুখ্য সচিব															

* কাস্টম্‌স ও কর ক্যাডারের সর্বোচ্চ পদসোপান হলো সদস্য NBR । কাস্টম্‌স ও কর ক্যাডারের সর্বোচ্চ পদ চেয়ারম্যান, পদটি পুল সার্ভিস থেকে সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়ে থাকে।

* বিসিএস খাদ্য ক্যাডারের সর্বোচ্চ পদসোপান হলো মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর। খাদ্য ক্যাডারের সর্বোচ্চ পদ সচিব, পদটি পুল সার্ভিস থেকে সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়ে থাকে।

* CGA (Controller Gerneral of Accounts) হলো নিরীক্ষা ও হিসাব ক্যাডারের সর্বোচ্চ পদ। অপরদিকে CAG (Comptroller and Auditor General) হলো সাংবিধানিক পদ। যা রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়ে থাকে।

* আনসার ক্যাডার এর সদর দপ্তরের সর্বোচ্চ পদ উপ মহাপরিচালক এবং মাঠ পর্যায়ের রেঞ্জ কমান্ডার। অতিরিক্ত মহাপরিচালক এবং মহাপরিচালক পদ দুটি সেনাবাহিনী কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়ে থাকে।

* পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি, মহাপরিচালক র‍্যাব ও পুলিশ কমিশনার ঢাকা গ্রেড-০১ স্কেল। অন্যান্য পুলিশ কমিশনার গ্রেড-০৩। আইজিপি ও পররাষ্ট্র সচিব সরাসরি সিনিয়র সচিব পদ মর্যাদার এবং স্পেশাল গ্রেড প্রাপ্ত হন।

বিসিএস প্রশাসন

পরিচিতি

বর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিসের ২৬টি ক্যাডারের মধ্যে বিসিএস প্রশাসন ক্যাডার অন্যতম গুরুত্বপূর্ণ ও মর্যাদাশীল। এ ক্যাডারের কর্মকর্তা হিসেবে কর্মচারীরা সরকারের বিভিন্ন প্রশাসনিক দায়িত্ব পালন করেন। উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন করা, বিভিন্ন ক্যাডারের কাজের মধ্যে সমন্বয় ঘটানো এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসেবে আইন রক্ষা, নির্দেশ দান ও ক্ষেত্রবিশেষে মোবাইল কোর্ট গঠনের ক্ষমতা রাখেন তাঁরা। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও পূর্ণ সচিব পর্যায়ের পদে অধিকাংশ সময় প্রশাসন ক্যাডার থেকেই নিয়োগ দেওয়া হয়। বিসিএস প্রশাসন ক্যাডারে শুরুতে সহকারী কমিশনার পদে নিয়োগ দেওয়া হয়।

ইতিহাস

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের বিজয়ের পর তৎকালীন সিভিল সার্ভিস অব পাকিস্তান (সিএসপি) এবং ইস্ট পাকিস্তান সিভিল সার্ভিস (ইপিসিএস)-এর সমন্বয়ে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডার গঠন করা হয়। ১৯৭৩ সালে মৌখিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর পদে কর্মচারী নিয়োগ করা হয়। ১৯৭৬ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস কর্মচারী বাছাইয়ের জন্য Superior Post Examination Rules-এর আওতায় লিখিত পরীক্ষা (১৩০০ নম্বর), সাইকোলজিক্যাল টেস্ট (১০০ নম্বর) ও মৌখিক পরীক্ষা (২০০ নম্বর) চালু করা হয়।

১৯৭৯ সালে প্রশাসন ক্যাডারে যোগদানকৃত কর্মচারীদের পদের নাম করা হয়- 'সহকারী কমিশনার'। ১৯৮০ সালে ৩০টি ক্যাডার অন্তর্ভুক্ত করে বাংলাদেশ সিভিল সার্ভিস অধ্যাদেশ জারি করা হয়। অধ্যাদেশটি জারি হয় চাকুরি (পুনর্গঠন ও শর্তাবলি) আইন ১৯৭৫ অনুযায়ী। ১৯৮২ সালে জারিকৃত BCS Examination Rules 1982 অনুযায়ী মোট ১৩০০ নম্বরের লিখিত, ১০০ নম্বরের সাইকোলজিক্যাল টেস্ট ও ২০০ নম্বরের মৌখিক পরীক্ষা (মোট ১৬০০) গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয় এবং এ নিয়মে ১৯৮২ সালে প্রথম বিসিএস পরীক্ষা অনুষ্ঠিত হয়। Bangladesh Civil Service (Recruitment) Rules, 2014 অনুযায়ী বিসিএস পরীক্ষা তিন ধাপে অনুষ্ঠিত হয়। প্রথম ধাপে ২০০ নম্বরের প্রিলিমিনারি (MCQ) পরীক্ষা নেওয়া হয়, যা বাছাইমূলক এবং এর নম্বর চূড়ান্ত মেধাতালিকায় যোগ হয় না। প্রিলিমিনারিতে উত্তীর্ণরা ৯০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য শেষ ধাপে ২০০ নম্বরের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। ফলে চূড়ান্ত মেধাতালিকা লিখিত (৯০০) ও মৌখিক (২০০) পরীক্ষার মোট ১১০০ নম্বরের ভিত্তিতে নির্ধারণ করা হয়।

কর্মক্ষেত্র

যেকোনো গণতান্ত্রিক সরকার কাঠামো দাঁড়িয়ে থাকে ব্যুরোক্র্যাটদের হাত ধরে। এই ব্যুরোক্র্যাট কিংবা আমলারা প্রধানত প্রশাসন ক্যাডার থেকেই আসেন। অর্থাৎ দেশের নীতিনির্ধারক পর্যায়ে থাকেন প্রশাসনের লোকজন। তাঁদের দেশের পলিসি মেকার বলা হয়। বিষয়টা আরো সহজ করে বললে, দেশের সব ধরনের নীতি নির্ধারক অর্থাৎ দেশের মন্ত্রিপরিষদ, ইউএনও কিংবা ডিসি সবাই-ই সরাসরি বিভাগীয় মন্ত্রিপরিষদের তত্ত্বাবধানেই থাকেন। শুধু তাই নয়, উপসচিব থেকে শুরু করে এর উপরে যত সরকারি কর্মচারী আছেন তাঁদের প্রায় ৭৫ শতাংশ প্রশাসন ক্যাডার থেকে নিযুক্ত হন; অন্যান্য ক্যাডার ও সিনিয়র অফিসার মিলে বাকি ২৫ শতাংশ পূর্ণ হয়। প্রশাসন কিংবা এডমিন ক্যাডার এর বিচরণ স্বয়ং প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে শুরু করে রাষ্ট্রপতি, সাধারণ জনগণসহ সব ধর্ম বর্ণ গোত্র নির্বিশেষে সবজায়গায় রয়েছে। মূলত প্রশাসন ক্যাডারে কেউ যখন নিযুক্ত হয় তখন মাঠ প্রশাসনে (বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের প্রশাসনিক বিভাগকে মাঠ প্রশাসন বলে) জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসেবে যোগদান করতে হয়। এ পদে জব রেস্পন্সিবিলিটি বা দায়িত্বের মধ্যে প্রধান হলো অন্যান্য অফিসার ও ক্যাডারদের কাজের সমন্বয় করা। বিশেষভাবে আলোচিত মোবাইল কোর্টও তাঁদেরই পরিচালনা করতে হয়। সাধারণত গড়ে ৬ বছর লেগে যায় ইউএনও (সিনিয়র সহকারী কমিশনার) হতে এবং ১০ বছর লেগে যায় উপসচিব পর্যায় পর্যন্ত পৌঁছাতে।

বিসিএস প্রশাসন ক্যাডারের যোগদান ও স্থায়ীকরণ

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন ক্যাডারে নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে প্রথমেই তাঁর নিজ বিভাগ ব্যতীত অন্য কোনো বিভাগীয় কমিশনারের কার্যালয়ে যোগদান করতে হয়। যোগদানের পর বিভাগীয় কমিশনার কার্যালয়ে সপ্তাহ/পক্ষকালব্যাপী সংযুক্তিকরণ কোর্স এ অংশগ্রহণ করতে হয়। উক্ত কোর্স শেষে জেলা প্রশাসক কার্যালয়-এ 'শিক্ষানবিশ সহকারী কমিশনার' ও 'এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট' হিসেবে নিয়োগ দেয়া হয়। জেলা প্রশাসক কার্যালয়ে কর্মরত অবস্থায় যেসব কোর্সে অংশ নিতে হয় সেসব হলো- বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, কেইস এনোটেশন, ট্রেজারি ট্রেনিং, সার্ভে এন্ড সেটেলমেন্ট ট্রেনিং এবং আইন ও প্রশাসন। ছয়মাস জেলা ও উপজেলা পর্যায়ের অফিসে সংযুক্ত থাকতে হয়। নির্বাচন চলাকালীন ও পাবলিক পরীক্ষা অনুষ্ঠানের সময় আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করতে হয়। শিক্ষানবিশকালে ৩০০ নম্বরের বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে, চাকুরির দু'বছর অতিক্রম হলে জনপ্রশাসন মন্ত্রণালয় স্থায়ীকরণ আদেশ জারি করে।

বিসিএস প্রশাসন একাডেমি

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি সর্বপ্রথম 'গেজেটেড অফিসার্স ট্রেনিং একাডেমি' (GOTA) হিসেবে যাত্রা শুরু করে। পরবর্তীতে ১৯৭৭ সালে এ একাডেমিকে 'সিভিল অফিসার্স ট্রেনিং একাডেমি' (COTA) হিসেবে নামকরণ করা হয়। তৎকালীন সংস্থাপন মন্ত্রণালয়ের (বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়) আওতাধীন সংযুক্ত প্রতিষ্ঠান হিসেবে ১৯৮৭ সালের ২১ অক্টোবর তারিখে এ একাডেমিকে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি হিসেবে নামকরণ করা হয়। এর অবস্থান ঢাকার শাহবাগে।

একাডেমি কর্তৃক বাংলাদেশ প্রশাসন ক্যাডারের নিয়োগকৃত নবীন কর্মচারীদের জন্য ছয় মাস মেয়াদি আইন ও প্রশাসন সংক্রান্ত মৌলিক প্রশিক্ষণ এবং বিভিন্ন পর্যায়ের কর্মচারীদের জন্য প্রয়োজন অনুযায়ী বিভিন্ন মেয়াদে অন্যান্য প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া, এক বছর মেয়াদি "মাস্টার ইন পাবলিক পলিসি অ্যান্ড ম্যানেজমেন্ট (MPPM)" কোর্স পরিচালনা করা হয়। সরকার কর্তৃক বিভিন্ন ক্যাডার সার্ভিস কর্মচারীদের বুনিয়াদি প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদানের জন্য মাঝে মাঝে এ একাডেমিকে দায়িত্ব প্রদান করা হয়ে থাকে।

কেন্দ্রীয় প্রশাসন

কেন্দ্রীয় প্রশাসন বলতে সচিবালয়, মন্ত্রণালয়, অধিদপ্তর ও পরিদপ্তর এই চারটি স্তর নিয়ে গঠিত প্রশাসনের কেন্দ্রীয় কাঠামোকে বোঝায়, যেখান থেকে প্রশাসনের সকল নীতি নির্ধারণমূলক ও নিয়ন্ত্রণমূলক কাজ পরিচালনা করা হয়।

কেন্দ্রীয় প্রশাসনের পদসোপান

সচিব (Secretary)
↑
অতিরিক্ত সচিব (Additional Secretary)
↑
যুগ্মসচিব (Joint Secretary)
↑
উপসচিব (Deputy Secretary)
↑
সিনিয়র সহকারী সচিব (Senior Assistant Secretary)
↑
সহকারী সচিব (Assistant Secretary)

সচিবালয়

বিভিন্ন মন্ত্রণালয়ের সমষ্টি হচ্ছে সচিবালয়। অন্যকথায়, সকল মন্ত্রণালয়ের অফিসকে একত্রে সচিবালয় বলে। সচিবালয় হচ্ছে প্রশাসনিক কাঠামোর স্নায়ুকেন্দ্র। সচিবালয় নীতি প্রণয়ন, পরিকল্পনা গ্রহণ, আইন পরিষদে মন্ত্রীদের দায়িত্ব পালনে সহায়তা দান করে।

বাংলাদেশে সচিবালয় মোট ৫টি। যথা-

(ক) রাষ্ট্রপতির সচিবালয়; (খ) জাতীয় সংসদ সচিবালয়; (গ) নির্বাচন কমিশন সচিবালয়; (ঘ) কর্ম কমিশন সচিবালয় ও (ঙ) বাংলাদেশ সচিবালয়।

সচিব

সচিব হলেন মন্ত্রণালয় বা বিভাগের প্রশাসনিক প্রধান। তিনি এর প্রশাসন, নিয়ম-শৃঙ্খলা ও ন্যস্ত যাবতীয় কর্মকাণ্ড পরিচালনা করেন। সচিব মন্ত্রণালয় বা বিভাগ ও সংশ্লিষ্ট অধিদপ্তর ও অধীন অফিসসমূহে কার্যবিধি অনুযায়ী কার্যাদি সম্পন্ন হচ্ছে কিনা সে বিষয়ে তদারকি করেন এবং এ সকল বিষয়ে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীকে অবহিত করেন। এছাড়া সচিব সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহের মধ্যে বরাদ্দকৃত অর্থ বাজেট ও প্রচলিত হিসাববিধি অনুযায়ী হওয়ার বিষয়টিও তদারকি করেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কার্যাদি সম্পাদনের তাগিদে প্রয়োজনীয় উপাত্ত, তথ্য ও উদাহরণ সংগ্রহ, পরীক্ষা, বিশ্লেষণ ও সমন্বয়ের দায়িত্বও পালন করেন সংশ্লিষ্ট সচিব। সর্বোপরি, একজন সচিব অধীন কর্মচারীদের মধ্যে অর্পিত ক্ষমতা বণ্টন এবং মন্ত্রণালয় বা বিভাগের কার্যসম্পাদনের ধরন সম্পর্কিত সুস্পষ্ট ও স্থায়ী আদেশ প্রদান করে থাকেন। সচিবদের ৭৫ ভাগ নিয়োগ হয় প্রশাসন ক্যাডার থেকে এবং বাকি ২৫ ভাগ নিয়োগ হয় সিভিল সার্ভিসের অন্যান্য ক্যাডার থেকে। তবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব একজন বিসিএস পররাষ্ট্র ক্যাডার থেকেই হয়ে থাকেন।

পরিদপ্তর

মন্ত্রণালয় বা অধিদপ্তরের অধীন এক বা একাধিক ইউনিট কে পরিদপ্তর বলা হয়। পরিদপ্তরগুলি সাধারণত বিশেষায়িত প্রযুক্তিগত বা তত্ত্বাবধায়কের কাজ করে। পরিদপ্তরের প্রধান একজন পরিচালক যিনি একজন যুগ্মসচিব বা উপসচিবের পদমর্যাদা সম্পন্ন ব্যক্তি। বিস্ফোরক পরিদপ্তর, বস্ত্র পরিদপ্তর, শ্রম পরিদপ্তর, সেবা পরিদপ্তর ইত্যাদি।

মাঠ প্রশাসন: প্রশাসনিক সুবিধার্থে সরকার দেশের সমগ্র অঞ্চলকে জেলা, থানা, ইউনিয়ন পর্যায়ে বিভক্ত করে সেখানে যে প্রশাসনব্যবস্থা প্রতিষ্ঠা বা পরিচালনা করে তাকে মাঠ প্রশাসন বলা হয়।

বিভাগীয় কমিশনার (Divisional Commissioner)
↑
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (Additional Divisional Commissioner)
↑
জেলা প্রশাসক (Deputy Commissioner)
↑
সিনিয়র সহকারী কমিশনার (Senior Assistant Commissioner)
↑
সহকারী কমিশনার (Assistant Commissioner)

কেন্দ্রীয় প্রশাসন বা সচিবালয়ের প্রশাসনের সাথে মাঠ প্রশাসনের তুলনা:-

কেন্দ্রীয় প্রশাসন	মাঠ প্রশাসন
সিনিয়র সচিব	সমতুল্য পদ নেই।
সচিব	সমতুল্য পদ নেই।
অতিরিক্ত সচিব	বিভাগীয় কমিশনার।
যুগ্মসচিব	অতিরিক্ত বিভাগীয় কমিশনার।
উপসচিব	জেলা প্রশাসক।
সিনিয়র সহকারী সচিব	অতিরিক্ত জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার।
সহকারী সচিব	সহকারী কমিশনার।

বিভাগীয় প্রশাসন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের কেন্দ্রীয় প্রশাসনের পরই বিভাগীয় প্রশাসনের স্থান। বাংলাদেশে বর্তমানে আটটি বিভাগ রয়েছে এবং প্রতিটি বিভাগে একজন বিভাগীয় কমিশনার আছেন। বিভাগীয় কমিশনারকে সাহায্য করার জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও অন্যান্য কর্মচারীবৃন্দ থাকেন।

বিভাগীয় কমিশনারের কাজ:

- **প্রশাসনিক কাজ:** বিভাগীয় কমিশনার জেলা প্রশাসকগণের কাজের সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ করে থাকেন। বিভাগীয় কমিশনার তাঁর বিভাগের সহকারী কমিশনারদের বদলি করেন। তিনি জেলা প্রশাসনের জন্য তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের এবং রাজস্ব বিভাগের তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগ করেন।
- **ভূমি ও রাজস্ব সংক্রান্ত কাজ:** বিভাগীয় কমিশনার নিজ বিভাগের রাজস্ব সংগ্রহ ও তত্ত্বাবধান এবং রাজস্ব সংগ্রহ সংক্রান্ত মামলা পরিচালনাকারী। তিনি নিজ বিভাগের জেলাসমূহের রাজস্ব কর্মচারীদের কার্যাবলি পরিচালনা ও নিয়ন্ত্রণ করেন।
- **উন্নয়নমূলক কাজ:** বিভাগীয় কমিশনার বিভাগীয় উন্নয়ন বোর্ডের সভাপতি। তিনি জেলা প্রশাসকদের মাধ্যমে উন্নয়নমূলক কাজের সমন্বয় সাধন করেন। বিভাগের উন্নয়নমূলক কাজের তত্ত্বাবধানের দায়িত্ব তাঁর ওপরই ন্যস্ত।
- **সেবামূলক কাজ:** দুর্ভিক্ষ, মহামারি, ভূমিকম্প, বন্যা, জলোচ্ছ্বাস প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগের সময় বিভাগীয় কমিশনার জনগণের সাহায্যার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।
- **শিক্ষাপ্রতিষ্ঠান সংক্রান্ত কাজ:** বিভাগীয় কমিশনার পদাধিকার বলে বিভাগীয় সদরের সরকারি কলেজের পরিচালকমণ্ডলীর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন।
- **ক্রীড়া ও সংস্কৃতিবিষয়ক কাজ:** তিনি বিভাগীয় ক্রীড়া বোর্ডের সভাপতি। তাঁর পরিচালনায় জাতীয় শিক্ষা সপ্তাহ উদ্‌যাপিত হয়। বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ডে তিনি নিজেকে নিয়োজিত রাখেন।
- **সরকারকে অবহিতকরণ:** বিভাগের যাবতীয় কর্মকাণ্ডের সার্বিক পরিস্থিতি, উন্নয়নমূলক কর্মকাণ্ডের অগ্রগতি প্রভৃতি সম্পর্কে বিভাগীয় কমিশনার সরকারকে অবহিত করে থাকেন।

- কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রদত্ত ক্ষমতাবলে কোনো অভিযোগ বা কেস সম্পর্কে তদন্ত করতে পারেন।
- CrPC এর অধীন প্রদত্ত ক্ষমতা বলে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রয়োগ করেন।
- অবৈধ সমাবেশ বা দাঙ্গা দমনে পুলিশ বাহিনীকে নির্দেশনা প্রদান করেন।
- মোবাইল কোর্ট পরিচালনা করেন।
- VIP ব্যক্তিদের প্রটোকল অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন।

ম্যাজিস্ট্রেট

১৮৯৭ সালের জেনারেল ক্লজেস আইন এর ৩(৩১) ধারা মোতাবেক যিনি ফৌজদারি কার্য বিধির ক্ষমতা প্রয়োগ করেন তাকে ম্যাজিস্ট্রেট বলে। অন্য কথায়, যিনি ফৌজদারি আইন প্রয়োগ করে বিচার করার ক্ষমতা প্রাপ্ত হয়েছেন তিনিই ম্যাজিস্ট্রেট। General Clauses Act, ১৮৯৭-এর ৩ (৩১) ধারায় ম্যাজিস্ট্রেটকে নিম্নোক্তভাবে সংজ্ঞায়িত করা হয়েছে: "Magistrate" shall include every person exercising all or any of the powers of Magistrate under the code of Criminal Procedure for the time being in force.

ম্যাজিস্ট্রেটের প্রকারভেদ: The Code of Criminal Procedure, 1898-এর ৬(২) ধারা অনুযায়ী দুই শ্রেণির ম্যাজিস্ট্রেট রয়েছে। যথা:
a) Judicial Magistrate b) Executive Magistrate
এই দুই শ্রেণির ম্যাজিস্ট্রেটের মধ্যে Executive Magistrate হিসেবে বিসিএস প্রশাসন ক্যাডার থেকে দায়িত্ব প্রদান করা হয়। এটি কোনো স্থায়ী পদ নয়।

Executive Magistrate বা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ:
ফৌজদারি কার্যবিধি বা The Code of Criminal Procedure 1898 (Act V of 1898) এর ১০ ধারানুযায়ী Executive Magistrate বা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়।
ম্যাজিস্ট্রেটের দায়িত্ব ও কার্যাবলি:

- বে-আইনি সভা সমাবেশ ভঙ্গ করা বা দাঙ্গা-হাঙ্গামা নিয়ন্ত্রণের জন্য পুলিশকে ব্যবহার করা প্রয়োজনে ১৪৪ (CrPC'র ধারা-১২৭, ১২৮) ধারা জারি করা।
- পাবলিক পরীক্ষাসমূহ অনুষ্ঠানের সময় দায়িত্ব পালন করা এবং আইন শৃঙ্খলা রক্ষায় সাহায্য করা।
- নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য রিটার্নিং অফিসারদের সহায়তা করা।
- প্রাকৃতিক দুর্যোগের সময় রিলিফের কাজ তত্ত্বাবধান করা এবং পরিচালনা করা।
- CrPC'র ১৬৪নং ধারা অনুসারে আসামি বা সাক্ষীর স্বীকারোক্তিমূলক জবানবন্দি নেওয়া ।
- অবৈধভাবে সরকারি বা বেসরকারি সম্পত্তি দখলদারদের উচ্ছেদের সময় উপস্থিত থাকা।
- নিলাম অনুষ্ঠান পরিচালনা করা।
- মৃত ব্যক্তির সুরতহাল তদন্ত করা অথবা প্রয়োজনে মৃত্যুর কারণ অনুসন্ধান করতে পারেন।
- মোবাইল কোর্ট পরিচালনা করা। (মোবাইল কোর্ট আইন – ২০০৯ অনুযায়ী)
- জেলখানা পরিদর্শন এবং বিচারাধীন কয়েদিদের অবস্থা দেখা এবং তাদের সম্পর্কে খবর নেয়া।
- জেলা ম্যাজিস্ট্রেটের নির্দেশক্রমে পুলিশ কর্তৃক গুলিবর্ষণের বিষয় তদন্ত করা।

মোবাইল কোর্ট আইন-২০০৯

মোবাইল কোর্ট আইন পাস হয় ২০০৯ সালের ৬ অক্টোবর। এই আইনের মোট ধারা ১৭টি এবং এই আইনের তফসিলভুক্ত আইনের সংখ্যা ১১৮টি।

মোবাইল কোর্ট: আইন-শৃঙ্খলা রক্ষা এবং অপরাধ প্রতিরোধ কার্যক্রমকে দক্ষতার সঙ্গে সম্পাদন করার লক্ষ্যে আবশ্যক ক্ষেত্রে নির্বাহী ম্যাজিস্ট্রেটের সম্মুখে সংঘটিত কতিপয় অপরাধ তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে আমলে নিয়ে দণ্ড আরোপের সীমিত ক্ষমতা প্রয়োগের উদ্দেশ্যে সমগ্র দেশে কিংবা যেকোনো জেলা বা মেট্রোপলিটন এলাকায় বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক পরিচালিত আদালতকে মোবাইল কোর্ট বলে। মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর ৪ ধারায় মোবাইল কোর্টের সংজ্ঞা প্রদান করা হয়েছে।

মোবাইল কোর্টের ক্ষমতা

- ক্ষমতাপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ক্ষমতাপ্রাপ্ত ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আইন শৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রতিরোধ কার্যক্রম পরিচালনা করার সময় তফসিলে বর্ণিত আইনের অধীন কোন অপরাধ, যা কেবল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য, তার সম্মুখে সংঘটিত বা উদ্‌ঘাটিত হয়ে থাকলে তিনি উক্ত অপরাধ তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলেই আমলে গ্রহণ করে অভিযুক্ত ব্যক্তিকে, স্বীকারোক্তির ভিত্তিতে, দোষী সাব্যস্ত করে, এই আইনের নির্ধারিত দণ্ড আরোপ করতে পারবে।

- মোবাইল কোর্ট পরিচালনা করার সময় যদি এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের নিকট এইরূপ মনে হয় যে, অপরাধ স্বীকারকারী ব্যক্তির সংশ্লিষ্ট অপরাধ এমন গুরুতর যে, এই আইনের অধীন নির্ধারিত দণ্ড আরোপ করা হলে উহা যথোপযুক্ত দণ্ডারোপ হবে না, তা হলে তিনি উক্ত ব্যক্তিকে দণ্ড আরোপ না করে তার বিরুদ্ধে নিয়মিত মামলা দায়েরের ব্যবস্থা করবেন।
- মোবাইল কোর্ট পরিচালনা করার সময় যদি এইরূপ কোন অপরাধ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সংঘটিত বা উদ্‌ঘাটিত হয়, যা সেশন আদালত কিংবা অন্য কোন উচ্চতর বা বিশেষ আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক বিচার্য, তা হলে মোবাইল কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট উক্ত অপরাধের সহিত সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ এজাহার হিসাবে গণ্য করার জন্য সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করবেন।

মোবাইল কোর্টের পরিচালনা পদ্ধতি

- আইনের অধীন মোবাইল কোর্ট পরিচালনা করার সময় কোন ব্যক্তির বিরুদ্ধে অপরাধ আমলে গৃহীত হবার পরপরই মোবাইল কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সংক্ষিপ্ত অভিযোগ লিখিতভাবে গঠন করে উহা অভিযুক্ত ব্যক্তিকে পাঠ ও ব্যাখ্যা করে শুনাবেন এবং অভিযুক্ত ব্যক্তি গঠিত অভিযোগ স্বীকার করেন কি না তা জানতে চাইবেন এবং স্বীকার না করলে তিনি কেন স্বীকার করেন না তার বিস্তারিত ব্যাখ্যা জানতে চাইবেন।
- অভিযুক্ত ব্যক্তি অভিযোগ স্বীকার করিলে তার স্বীকারোক্তি লিপিবদ্ধ করে তাতে অভিযুক্তের স্বাক্ষর বা ক্ষেত্রমত, টিপসই এবং দুইজন উপস্থিত স্বাক্ষীর স্বাক্ষর বা, ক্ষেত্রমত, টিপসই গ্রহণ করতে হবে; এবং অতঃপর মোবাইল কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাহার বিবেচনায় যথোপযুক্ত দণ্ড আরোপ করে লিখিত আদেশ প্রদান করবেন এবং উক্ত আদেশে স্বাক্ষর করবেন।
- অভিযোগ অস্বীকার করে আত্মপক্ষ সমর্থনে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা সন্তোষজনক হলে, মোবাইল কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাকে অভিযোগ হতে অব্যাহতি প্রদান করবেন।
- অভিযুক্ত ব্যক্তি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা সন্তোষজনক না হলে মোবাইল কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অভিযোগটি বিচারার্থে উপযুক্ত এখতিয়ার সম্পন্ন আদালতে প্রেরণ করবেন।

দণ্ড আরোপের বিধান

- এই আইনের অধীন মোবাইল কোর্ট পরিচালনা করে দণ্ড আরোপ করার ক্ষেত্রে, সংশ্লিষ্ট অপরাধের জন্য সংশ্লিষ্ট আইনে যে দণ্ডই নির্ধারিত থাকুক না কেন, দুই বছর এর অধিক কারাদণ্ড এই আইনের অধীন আরোপ করা যাবে না।
- সংশ্লিষ্ট অপরাধের জন্য সংশ্লিষ্ট আইনে যে অর্থদণ্ড নির্ধারিত আছে উক্ত অর্থদণ্ড বা অর্থদণ্ডে নির্ধারিত সীমার মধ্যে যে কোন পরিমাণ অর্থদণ্ড আরোপ করা যাবে।
- ফৌজদারী কার্যবিধির অধীন যে পদ্ধতিতে অর্থদণ্ড ও কারাদণ্ড আদায়যোগ্য বা আরোপনীয় হয়ে থাকে, এই আইনের অধীন অর্থদণ্ড ও কারাদণ্ড অনুরূপ পদ্ধতিতে আদায়যোগ্য ও আরোপনীয় হবে।

মোবাইল কোর্ট পরিচালনার উদ্দেশ্য

মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর লক্ষ্য এবং এই আইনের ৪ ধারা বিশ্লেষণ করলে মোবাইল কোর্টের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ প্রতিভাত হয়:

১. ঘটনাস্থলে তাৎক্ষণিকভাবে অপরাধ আমলে নিয়ে ও দণ্ড আরোপ করে জননিরাপত্তা বিধান ও আইন-শৃঙ্খলা রক্ষা করা;
২. ক্ষুদ্র প্রকৃতির বিষয়গুলোর মামলার কারণে আদালতগুলোর অযথা ভারযুক্তি রোধকল্পে কাজ করা;
৩. সামাজিক অপরাধ নিয়ন্ত্রণ করা;
৪. কার্যকরভাবে ও দক্ষতার সঙ্গে অপরাধ প্রতিরোধ করা;
৫. জনশৃঙ্খলা প্রতিষ্ঠা করা;
৬. জনসমক্ষে দণ্ড আরোপের মাধ্যমে অপরাধপ্রবণতা হ্রাস ও আইনের শাসন প্রতিষ্ঠা করা ইত্যাদি।

মোবাইল কোর্টের সাংবিধানিক বৈধতা

সংবিধানের ১০২ (৩) অনুচ্ছেদ অনুযায়ী জরুরি অবস্থা ও জনস্বার্থে প্রশাসনিক ক্ষমতা প্রয়োগ বৈধ। এ কারণে বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ২০২৩ সালে হাইকোর্টের রায় স্থগিত রেখে মোবাইল কোর্টকে বৈধ ঘোষণা করে।

Warrant of Precedence

পদ মানক্রম (Warrant of Precedence) হচ্ছে বিদেশি কূটনীতিক কোরের সদস্যবর্গসহ রাষ্ট্রের নির্বাহী, আইন ও বিচার বিভাগের গুরুত্বপূর্ণ কর্মচারীদের পদের আপেক্ষিক মানক্রম। রাষ্ট্রীয় ও গুরুত্বপূর্ণ সরকারি অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিদের আমন্ত্রণ ও তাঁদের আসনের ব্যবস্থা, রাষ্ট্রের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীসহ অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিদের বিদেশ গমন ও প্রত্যাবর্তনের সময় তাঁদের বিদায় ও অভ্যর্থনা জানানো এবং সমপর্যায়ের বিদেশি অতিথিদের দেশে স্বাগতম ও পরে বিদায় জানানোর আনুষ্ঠানিকতার ক্ষেত্রে সাধারণত পদ মানক্রম অনুসরণ করা হয়।

সর্বশেষ জারিকৃত পদ মানক্রমে ২৫টি স্তরের ক্রমিক অবস্থান নিম্নরূপ

ক্রম	পদ
১	▪ প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি
২	▪ প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী
৩	▪ জাতীয় সংসদের স্পিকার
৪	▪ বাংলাদেশের প্রধান বিচারপতি ▪ প্রাক্তন রাষ্ট্রপতিবৃন্দ
৫	▪ বাংলাদেশের মন্ত্রীবর্গ ▪ প্রধান হুইপ ▪ সংসদের ডেপুটি স্পিকার ▪ সংসদের বিরোধী দলীয় নেতা
৬	▪ মন্ত্রিপরিষদের সদস্য না হয়েও মন্ত্রীর মর্যাদাপ্রাপ্ত ব্যক্তিগণ ▪ মন্ত্রিপরিষদের সদস্যগণ ▪ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র
৭	▪ বাংলাদেশে নিযুক্ত রাষ্ট্রদূত ও কমনওয়েলথভুক্ত দেশসমূহের হাইকমিশনারগণ
৮	▪ প্রজাতন্ত্রের প্রতিমন্ত্রীগণ ▪ প্রধান নির্বাচন কমিশনার ▪ পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান ▪ সংসদে বিরোধী দলীয় উপনেতা ▪ হুইপ ▪ সুপ্রিম কোর্টের বিচারকগণ (আপিল বিভাগ)
৯	▪ নির্বাচন কমিশনারগণ ▪ প্রতিমন্ত্রীর মর্যাদাপ্রাপ্ত ব্যক্তিগণ ▪ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারকগণ
১০	▪ প্রজাতন্ত্রের উপমন্ত্রীগণ
১১	▪ উপমন্ত্রীর মর্যাদাপ্রাপ্ত ব্যক্তিবর্গ ▪ বাংলাদেশে নিযুক্ত বিদেশি দূতবর্গ
১২	▪ মন্ত্রিপরিষদ সচিব ▪ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ▪ সেনাবাহিনীর প্রধান ▪ নৌবাহিনীর প্রধান ▪ বিমানবাহিনীর প্রধান
১৩	▪ জাতীয় সংসদের সদস্যগণ
১৪	▪ বাংলাদেশে নিযুক্ত নন এমন সফররত বিদেশি রাষ্ট্রদূত ও হাইকমিশনারগণ
১৫	▪ অ্যাটর্নি জেনারেল ▪ মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক ▪ ন্যায়পাল ▪ বাংলাদেশ ব্যাংকের গভর্নর ▪ সিনিয়র সচিবগণ

ক্রম	পদ
১৬	▪ সরকারের সচিবগণ ▪ ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ ▪ সেনাবাহিনীর মেজর জেনারেল এবং নৌ ও বিমান বাহিনীর সমপদমর্যাদার অফিসারগণ ▪ পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান ▪ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ▪ সদস্য, পরিকল্পনা কমিশন
১৭	▪ সচিব পদমর্যাদায় অধিষ্ঠিত সরকারি কর্মচারীবৃন্দ ▪ বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যগণ ▪ জাতীয় অধ্যাপকগণ ▪ জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগের মহাপরিচালক ▪ পূর্ণ সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন
১৮	▪ পৌর কর্পোরেশনের মেয়রগণ (স্ব স্ব এলাকায়)
১৯	▪ সরকারের অতিরিক্ত সচিবগণ ▪ অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল ▪ বাংলাদেশে নিযুক্ত সাময়িক দায়িত্বপ্রাপ্ত বিদেশি রাষ্ট্রদূতগণ ▪ বাংলাদেশি রাষ্ট্রদূত ও হাই কমিশনারগণ ▪ বিশ্ববিদ্যালয়ের সিলেকশন গ্রেডের প্রফেসরগণ ▪ রাষ্ট্রীয় কর্পোরেশনসমূহের চেয়ারম্যান ▪ ট্যারিফ কমিশনের চেয়ারম্যান ▪ দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক
২০	▪ অতিরিক্ত সচিব পদমর্যাদার সরকারি কর্মচারীগণ ▪ বাংলাদেশ বিমানের ব্যবস্থাপনা পরিচালক ▪ রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভাইস চেয়ারম্যান ▪ জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যগণ ▪ পাবলিক সার্ভিস কমিশনের সদস্যগণ ▪ সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার
২১	▪ সরকারের যুগ্ম সচিবগণ ▪ বিভাগীয় কমিশনারগণ (স্ব স্ব দায়িত্বের আওতায়) ▪ চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ▪ সেনাবাহিনীর ব্রিগেডিয়ার জেনারেল এবং নৌ ও বিমান বাহিনীর সমপদমর্যাদার অফিসারগণ ▪ সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ ▪ অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ
২২	▪ যুগ্মসচিব পদমর্যাদার সরকারি কর্মচারীগণ ▪ বিভাগীয় কমিশনারগণ (নিজ দায়িত্বের আওতার বাহিরে) ▪ পুলিশের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল (স্ব স্ব দায়িত্বের আওতায়) ▪ কারা মহাপরিদর্শক ▪ সেনাবাহিনীতে পূর্ণ কর্নেল পর্যায়ের অফিসার এবং সম পর্যায়ের নৌ ও বিমান বাহিনীর অফিসারবৃন্দ
২৩	▪ অতিরিক্ত কমিশনারগণ (নিজ নিজ দায়িত্বের আওতায়) ▪ পৌর কর্পোরেশনের মেয়রগণ (নিজ দায়িত্বের আওতার বাহিরে)
২৪	▪ জেলা প্রশাসক (স্বীয় দায়িত্বের আওতায়) ▪ পুলিশের এডিশনাল ডেপুটি ইন্সপেক্টর জেনারেল ▪ জেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যানগণ (নিজ নিজ দায়িত্বের আওতায়) ▪ সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্নেল এবং নৌ ও বিমান বাহিনীর সমপর্যায়ের অফিসারগণ

BCS Foreign

Foreign Service

The Foreign Service, a name that evokes visions of faraway places represents a country's interests abroad and works to maintain peaceful and cooperative relations with other nations. A career in the Foreign Service can offer excitement, challenge, and the satisfaction of serving one's country. The Foreign Service is first and foremost a diverse corps of professionals dedicated to representing their country's interests and responding to the needs of its citizens abroad.

Diplomacy

Diplomacy is the art and science of maintaining peaceful relationships between nations, groups, or individuals. People who practice diplomacy are called diplomats. Diplomats try to help their own country, encourage cooperation between nations, and maintain peace. Guided by the prudence of diplomats, diplomacy builds bridges between states, through wisdom, dialogue, and mutual respect.

History of Diplomacy

The art of diplomacy began in ancient times. Treaties between different cities in Mesopotamia in what is now Iraq date back to 2850 B.C.E. Leaders of Egypt and Canaan (an ancient country in the Middle East) exchanged diplomatic letters in the 14th century B.C. Writing on the walls of ancient Mayan buildings in what is now Mexico indicates that Mayan cities exchanged diplomats. Embassies were first established in northern Italy in the 14th century.

For most of history, diplomacy was concerned with bilateral relations, or negotiations between two nations. A country or region often had dozens of trade or border agreements, each limited to a single other country or region. Bilateral relations are still a very common form of diplomacy.

In the 20th century, diplomacy expanded. Today, the United Nations (UN), an international organization that works to promote cooperation and settle conflicts among nations, plays a large role in diplomacy. The General Assembly, the main body of the UN, has 195 members.

Diplomacy also grew to include summit meetings. Summits are meetings between top government officials. Summits can be between national leaders, such as presidents or prime ministers. Economic summits often involve business leaders as well as treasury secretaries or trade ministers.

Camp David, in the U.S. state of Maryland, is the site of many summits between American presidents and foreign leaders. In 1978, President Jimmy Carter held an important summit with Egyptian President Anwar Al-Sadat and Israeli Prime Minister Menachem Begin. Egypt and Israel had been in conflict for more than 30 years. Often, as during the Six Day War of 1967, the conflict was violent. The summit between Carter, Al-Sadat, and Begin resulted in the so-called "Camp David Accords." This established the basis for the Israel-Egypt Peace Treaty. Begin and Al-Sadat shared the Nobel Peace Prize in 1979, and the treaty is still enforced today. The Camp David Accords are considered a triumph of diplomacy.

Diplomacy also involves large international conferences. Like summits, international conferences are usually attended by heads of state or other national leaders. Conferences are usually much larger in scope–dozens of leaders may meet to discuss migration or border issues, trade, or the environment.

How Diplomacy Works

Diplomacy is accomplished by negotiation and bargaining. Usually, each group in a negotiation will ask for more than they expect to get. They then compromise, or give up some of what they want, in order to come to an agreement. Often, an outside diplomat will help with the negotiations. For example, Martti Ahtisaari, a Finnish diplomat working for the UN, helped Namibia gain independence from South Africa in 1990.

Sometimes, one side in a negotiation refuses to compromise. When this happens, others involved in the negotiation may use diplomatic sanctions. Diplomatic sanctions involve the reduction or removal of all embassy staff from the offending country. Lighter diplomatic sanctions may involve the refusal of a president to visit the offending country or meet with its leaders. Nicaragua cut off all diplomatic relations with Israel, for instance, in 2010. Nicaragua was protesting Israel's attack on a shipment of aid to the Gaza Strip.

Countries may also threaten to use economic sanctions or penalties. In 2006, many countries agreed not to trade with North Korea in an effort to stop the country from illegally testing nuclear weapons.

Other times, diplomats threaten to use force if a settlement is not reached. In 1990, Iraq invaded the neighboring country of Kuwait. When Iraq refused to leave Kuwait, the United Nations approved a military response. A coalition, or group of nations working together, fought the Iraqi army, forcing them out of Kuwait.

Ministry of Foreign Affairs

